

NYC-তে গাঁজা

গাঁজা (মারিজুয়ানা) নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS)-এ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বৈধ।



3 আউন্স 24 গ্রাম

21 বছর বা তার বেশি বয়সী
প্রাপ্তবয়স্করা 3 আউন্স গাঁজার ফুল
বা কুঁড়ি বা 24 গ্রাম পর্যন্ত ঘনীভূত
গাঁজা যেমন তেল বা ভেপ রাখতে
পারেন এবং শেয়ার করতে পারেন
(কিন্তু বিক্রি করতে পারেন না)।



নিউ ইয়র্কের চিকিৎসা সংক্রান্ত
গাঁজার প্রোগ্রাম সম্প্রসারিত হয়েছে।
পরিবর্তনগুলি সম্পর্কে তথ্যের
জন্য cannabis.ny.gov/
[medical-cannabis](https://medical-cannabis.ny.gov/)-এ যান।



ধূমপানের
এলাকা

21 বছর বা তার বেশি বয়সী
প্রাপ্তবয়স্করা বেশিরভাগ সেই জায়গায়
ধূমপান করতে পারেন বা গাঁজা সেবন
করতে পারেন যেখানে তামাক ধূমপানের
অনুমতি রয়েছে।



গাঁজা বিক্রি শুধুমাত্র NYS-লাইসেন্সপ্রাপ্ত
ডিসপেনসারিগুলিতে অনুমোদিত।
ডিসপেনসারির অবস্থানগুলি সহ আইনিভাবে
গাঁজা কেনা সম্পর্কে আপ-টু-ডেট তথ্যের জন্য,
cannabis.ny.gov/adult-use-এ যান।

আরো তথ্যের জন্য, nyc.gov/health/cannabis-এ যান।

নিরাপদ গাঁজার ব্যবহার



আপনি যদি গাঁজা ব্যবহার করেন তাহলে খুব বেশি খুব দ্রুত ব্যবহার করা এড়িয়ে চলুন – অল্প পরিমাণ দিয়ে শুরু করুন এবং ধীরে যান।

বিভিন্ন ধরনের গাঁজায় বিভিন্ন মাত্রার THC থাকে, সেই সাইকোট্রপিক পদার্থ যা আপনাকে নেশাগ্রস্ত বোধ করায়। এটির কারণে প্রভাবগুলির অনুভব আরও শক্তিশালী হতে পারে বা তাড়াতাড়ি ধরতে পারে, বা উভয়েই।

কিছু ধরণের গাঁজা একটি বিলম্বিত প্রভাব ফেলতে পারে। উদাহরণস্বরূপ, ভোজ্য দ্রব্য (গাঁজা ভরা খাবার) –এর সম্পূর্ণ প্রভাব অনুভব করতে চার ঘন্টা পর্যন্ত সময় লাগতে পারে।



মদ সহ অন্যান্য
ঔষুধের সাথে গাঁজা
মেশানো এড়িয়ে চলুন।



গাড়ি চালানোর সময় বা
আগে গাঁজা ব্যবহার করা
এড়িয়ে চলুন।

গাঁজার প্রভাবে থেকে গাড়ি চালানো
অনিরাপদ এবং বেআইনি। গাড়িতে
গাঁজা ব্যবহার করা বেআইনি,
এমনকি পার্ক করা অবস্থায় বা
যাত্রী হিসেবেও।



গাঁজা এবং গাঁজাজাতীয় পণ্যগুলিকে
সুরক্ষিত রাখুন এবং শিশু ও যুবকদের
দৃষ্টি ও নাগালের বাইরে রাখুন।

যদি কোনো শিশু গাঁজাজাতীয় পণ্য খায় বা
পান করে, তাহলে 212-764-7667 নম্বরে
NYC Poison Center (NYC বিষ
কেন্দ্র) –এ কল করুন যা 24/7 উপলব্ধ।



আপনি যদি 25 বছরের কম বয়সী হন, তাহলে
জেনে রাখুন যে গাঁজা ব্যবহার আপনার জন্য
স্বাস্থ্যের ঝুঁকি বাড়ায়।

গাঁজা সেই তরুণদের উপর গুরুতর প্রভাব ফেলতে
পারে যাদের মস্তিষ্ক এখনও বিকাশ করছে। নেতিবাচক
প্রভাবগুলির মধ্যে চিন্তাভাবনা, শেখার এবং সমস্যা
সমাধানে অসুবিধা; দুর্বল স্মৃতিশক্তি বা ফোকাস; এবং
সমন্বয় ত্রাস অন্তর্ভুক্ত থাকতে পারে।